JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেন যে 2018 সালে স্টেট পার্কগুলোতে মোট 74 মিলিয়ন দর্শনার্থী পরিদর্শন করে নতুন রেকর্ড গড়ে

পুনরুজ্জীবিত পার্ক ব্যবস্থায় পূর্বের বছরের চেয়ে 2.5 মিলিয়ন হারে দর্শনার্থীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে

2011 সালে গভর্নর কুওমো দায়িত্ব নেয়ার পর থেকে স্টেট পার্কে দর্শনার্থীর সংখ্যা 28 শতাংশ বেড়েছে

নতুন শেয়ারযোগ্য এম্পায়ার পাস (Empire Pass) এর কারণে বিক্রি 31 শতাংশ বেড়ে নতুন রেকর্ড গড়ে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে 2018 সালে নিউ ইয়র্কের স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান, ক্যাম্পগ্রাউন্ড ও ট্রেলগুলিতে প্রায় 74 মিলিয়ন দর্শনার্থী পরিদর্শন করে যা পূর্বের সব রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়ে। এই মাইলফলক সাত বছর ধরে ক্রমাগত দর্শনার্থীর সংখ্যা বৃদ্ধির নিদর্শন এবং উপস্থাপন করে যে সামগ্রিকভাবে দর্শনার্থীর সংখ্যা 28 শতাংশ—বা 16.2 মিলিয়ন বৃদ্ধি পেয়েছে—2011 সালে গভর্নর দায়িত্ব নেয়ার পর থেকে।

"স্টেট পার্কগুলো নিউ ইয়র্কের পর্যটন অর্থনীতির কেন্দ্রবিন্দু যা আমাদের বিশাল স্টেটের ইতিহাস আবিষ্কার এবং সৌন্দর্য উপভোগের জন্য সারা বিশ্বের দর্শনার্থীদের আকর্ষণ করে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের পার্ক, ক্যাম্পগ্রাউন্ড ও ঐতিহাসিক স্থানগুলোকে সংরক্ষণ ও আধুনিকায়ন করার জন্য পার্কস 2020 (Parks 2020) উদ্যোগ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিনিয়োগের মাধ্যমে, আমরা ক্রমাগত স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা রাখছি এবং নিউ ইয়র্কের অনুপম বিনোদন সুবিধাগুলোর অভিজ্ঞতা লাভের জন্য পরিবারগুলোকে উৎসাহিত করছি।"

"গত সপ্তাহের ছুটিতে আমি নিউ ইয়র্কের সবচেয়ে বড় স্টেট পার্ক অ্যালিগ্যানিতে শীতকালীন ক্যাম্পিং করার জন্য গিয়েছিলাম এবং আমি নায়াগ্রা জলপ্রপাতে নিউ ইয়র্কের সবচেয়ে পুরাতন পার্কে প্রায় গিয়ে থাকি। আমি এই মূল্যবান রত্নগুলোতে পরিদর্শন করার একটি সুযোগও হাতছাড়া করি না", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্কে রয়েছে বিশ্বের কিছু সুন্দরতম পার্ক ও প্রতীকী ঐতিহাসিক স্থান, আর তাই দর্শনার্থীদের সংখ্যা প্রতি বছর বৃদ্ধি পাওয়া বিস্ময়ের কিছু নয়। ভবিষ্যতে এগুলোর সাফল্য নিশ্চিত করার জন্য আমরা ক্রমাগত এগুলোতে বিনিয়োগ করে যাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটে দর্শনার্থীর সংখ্যা পূর্বের বছরের চেয়ে 4 শতাংশ বৃদ্ধি পেয়েছে আর সর্বমোট দর্শনার্থীর সংখ্যা 71.5 মিলিয়ন থেকে 74.1 মিলিয়ন হয়েছে। গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 পরিকল্পনার (NY Parks

2020 Plan) মাধ্যমে চলমান উন্নয়ন ক্রমাগত স্বাস্থ্যকর আউটডোর বিনোদনের বিকাশ এবং স্টেটজুড়ে পার্কগুলো পরিদর্শনের জন্য পরিবার ও দর্শনার্থীদের উৎসাহিত করে চলেছে। 2018 সালে, জোনস বিচ স্টেট পার্কে (Jones Beach State Park) চালু হওয়া নতুন বোর্ডওয়াক ক্যাফে (Boardwalk Café) দর্শনার্থী 43 শতাংশ বৃদ্ধিতে সাহায্য করছে। তাছাড়া, পার্কের ফটককে ওয়াটকিন্স গ্লেন স্টেট পার্কে (Watkins Glen State Park) রূপান্তর করা হয়েছে যেখানে দর্শনার্থী 24 শতাংশ বেড়েছে এবং গ্রিন লেকস স্টেট পার্কে (Green Lakes State Park) একটি নতুন পরিবেশ শিক্ষা কেন্দ্র (environmental education center) খোলা হয়েছে যেখানে দর্শনার্থীর সংখ্যা 33 শতাংশ বেড়েছে।

এছাড়াও পার্কগুলো একটি ফ্যামিলি-শেয়ারিং এম্পায়ার পাস কার্ড (Empire Pass Card) অপশনের সুবিধাসম্পন্ন নতুন দর্শনার্থীদেরও আকর্ষণ করেছে। একটি নির্দিষ্ট যানবাহনে সাধারণ উইন্ডো ডিক্যালের (window decal) পরিবর্তে নতুন ওয়ালেট আকারের কার্ডটি বরাদ্দ করা হয় না এবং তা মা-বাবা, দাদা-দাদী, নানা-নানী, পরিচর্যাকারী ও অন্যান্যদের দ্বারা ব্যবহার করা যায়। স্টেট পার্কগুলো 2018 সালে 102,000 টিরও বেশি এম্পায়ার পাস বিক্রি করেছে যা বছরের সর্বাধিক বিক্রয় রেকর্ড এবং 2017 সাল থেকে 31 শতাংশ বেশি।

নিকট ভবিষ্যতে, নিউ ইয়র্ক স্টেটের পার্কগুলোতে যাওয়া দর্শনার্থীরা ব্রুকলিনে নির্মিতব্য নিউ ইয়র্ক সিটির সর্ববৃহৎ শার্লি চিশলম স্টেট পার্ক (Shirley Chisholm State Park) সহ আরো আকর্ষণীয় উন্নয়ন এবং সংযোজন দেখতে পাবে। তাছাড়া, সাইথউইক বিচ স্টেট পার্কে (Southwick Beach State Park) একটি নতুন বাথহাউস ও কনসেশন ভবন, পার্পল হার্ট হল অব অনারের (Purple Heart Hall of Honor) নতুন সম্প্রসারণ, জোনস বিচ স্টেট পার্কে (Jones Beach State Park) একটি নতুন শক্তি ও প্রকৃতি শিক্ষা কেন্দ্র (energy and nature education center), ওয়াকওয়ে ওভার দ্য হাডসনে (Walkway Over the Hudson) একটি নতুন অভ্যর্থনা কেন্দ্র (welcome center) এবং নায়াগ্রা গর্জ (Niagara Gorge) বরাবর সংযোগ পথের উন্নয়ন সহ বিভিন্ন পার্কে বিভিন্ন আকর্ষণীয় স্থাপনা সম্পন্ন করা হবে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) ভারপ্রাপ্ত কমিশনার এরিক কালিসিড বলেন, "নিউ ইয়র্কের পার্ক ও ঐতিহাসিক স্থানগুলো তাদের সংস্কৃতি ও ঐতিহ্যের সাথে জনসাধারণকে সংযুক্ত করার মাধ্যমে স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে প্রাণবন্ত করছে। গভর্নর কুওমোর স্টেট পার্কগুলোকে রূপান্তর ও বিকশিত করার এই উদ্যোগের জন্য তাকে ধন্যবাদ, আমরা আমাদের স্টেট পার্ক ব্যবস্থাকে পুনরুজ্জীবিতকরণ ও আধুনিকায়ন অব্যাহত রাখলে আরো অধিক সংখ্যক দর্শনার্থী পাব।"

গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট এর আউটডোর বিনোদন স্থানগুলোর বৃদ্ধি ও উন্নয়নের জন্য ঐতিহাসিক প্রতিশ্রুতি দিচ্ছে। গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 (NY Parks 2020) কর্মসূচি নিউ ইয়র্কের স্টেট পার্কগুলোকে পুনরুজ্জীবিত করার একটি বহুবার্ষিক প্রতিশ্রুতি। অর্থ বছর 2019 এর নির্বাহী বাজেট (FY 2019 Executive Budget) এর মধ্যে এই উদ্যোগের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ আছে। নিউ ইয়র্কে স্টেট পার্কগুলোর নেটওয়ার্ক এবং সুরক্ষিত উন্মুক্ত স্থানগুলো স্টেটের ক্রমবর্ধমান আউটডোর বিনোদন অর্থনীতির ভিত্তি এবং এই অর্থায়ন আমাদের স্টেট পার্কগুলো ও পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এর সম্পদগুলোর উন্নয়ন ও আধুনিকায়নে স্টেটের প্রচেষ্টাকে উৎসাহিত করবে এবং নতুন নতুন বিনোদনমূলক সুযোগ প্রদানের জন্য নতুন নতুন উন্মুক্ত স্থানগুলোর সুরক্ষা

দেবে, পাশাপাশি জলবায়ু পরিবর্তনের ফলে ঘটা আরো শক্তিশালী ও ঘনঘন ঝড়ের কবল থেকে স্টেটের স্থিতিশীলতা বৃদ্ধি করবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন